## Class - XII (2016 - 17)
## Subject - Bengali

সময় - ৩ ঘন্টা | সর্বমোট অঙ্ক - ৮৫

*Time : 3 Hrs.* | *Maximum Marks - 85*

## Section - A (Reading)

1. নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও ঃ 1+1+1+1+1 = 5

বক্তৃতা দেওয়ার জন্য বিপিনচন্দ্র পালের মাইক্রোফোনের দরকার পড়ত না। কণ্ঠস্বর এতই জোরালো ছিল যে বলা হত, বউবাজারে ভাষণ দিলে তা শোনা যায় ডালহৌসিতে । বিপিন পালের বক্তব্য ছিল খুবই চড়া সুরের বলিষ্ঠ । রেয়াত করতেন না কাউকেই। ১৯০৫ সালে 'বঙ্গভঙ্গ আন্দোলন'-এর বিরোধিতায় ছিলেন অগ্রণী ভূমিকায় । তাঁর বক্তৃতা শুনতে ভিড় উপচে পড়ত সব সময়। মহাত্মা গান্ধী হাতে নেওয়ার আগে কংগ্রেসের 'ব্যাটন' ছিল যে-নেতৃত্বের কাছে, বিপিন পাল তার অন্যতম পুরোধা। লাজপত রাই, বাল গঙ্গাধর তিলক আর বিপিনচন্দ্র পাল- এই ত্রয়ীর টিম দেশে বিখ্যাত হয়েছিল একটি নামে, 'লাল বাল পাল'। একশো বছর আগে ব্রিটিশ আমলে, বিপিন পালের উত্তেজক-ভাষণ কত মানুষের মনে যে জাতীয়তাবোধের উন্মেষ ঘটিয়েছে ইয়ত্তা নেই। তিনি বলেতন, স্বদেশিয়ানা নিয়ে । তাঁর কথায় বিভোর হয়ে সারা দেশে শুরু হয় 'বিদেশি' পণ্য বয়কট ও পোড়ানো । তাঁর পূর্ণ স্বরাজের ডাকে সে-সময় শিহরন বয়ে যেত ভারতীয়দের মনে। বিপিন পালের উচ্চগ্রামের ভাষণের একটু অংশ বলি : 'শাসকদের সঙ্গে শুধু অসহযোগিতা করে ফল মিলবে না ? মৃদু প্রতিবাদ তো ভেজা মুড়ি। ব্রিটিশ সিংহকে শায়েস্তা করতে অস্ত্র ধরতে হবে।' এভাবে লড়াইয়ের পথ নিয়ে কংগ্রেসের বৈঠকে তাঁর তুমুল বাদানুবাদ হয় গান্ধীর সঙ্গে। কথায়-যুক্তিতে বিপিন পালের সঙ্গে কোন দিনই পেরে ওঠেননি মহাত্মা। বিপিন পালকে ঋষি অরবিন্দ আখ্যা দিয়েছিলেন, 'মাইটেস্ট প্রফেট্স অফ ন্যাশনালিজম্' । এই বিপ্লবী-চিন্তার 'জনক' জীবনের শেষ ছ'বছর কংগ্রেস থেকে সরে এসে জীবনযাপন করতেন একাকী। এই পর্বে আর কোনও দিন কোথাও ভাষণ দেননি এই রাজনৈতিক মহাপুরুষ।

a) বিপ্লবী চিন্তার জনক বিপিন পাল কংগ্রেস থেকে সরে এসে কত বছর একাকী জীবন-যাপন করেছিলেন ?

b) বিপিন পাল কোন্ আন্দোলনে অগ্রণী ভূমিকা নেন ।

c) 'লাল বাল পাল' বলতে কোন্ রাজনৈতিক নেতাদের বোঝানো হয়েছে ?

d) বক্তৃতার সময় বিপিন পালের মাইক্রোফোনের দরকার হতনা কেন ?

e) সন্ধি বিচ্ছেদ কর ঃ মহাত্মা

2. নীচের অনুচ্ছেদটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও ঃ 1+1+1+1+1 = 5

সুধীর সরকারের সঙ্গে বন্ধুত্ব হয় রসায়নবিদ রাজশেখর বসুর। রাজশেখরের সাহিত্য জগতে প্রবেশ ঘটে একটু বেশি বয়সে মধ্যযৌবনে। সমাজ পর্যবেক্ষণের বিস্ময়কর শক্তি ছিল তাঁর । পরশুরাম ছদ্মনামে লেখা তাঁর গল্পগুলি বাংলা সাহিত্যের অক্ষয় সম্পদ। স্বনামে রচিত তাঁর অন্য দুটি কীর্তির একটি হলো 'চলন্তিকা' অভিধান, অন্যটি হলো রামায়ণ মহাভারতের সংক্ষেপিত রূপে বাংলায় অনুবাদ । রাজশেখর-বর্জিত সুধীরচন্দ্র অথবা সুধীরচন্দ্র-বর্জিত রাজশেখর অকল্পনীয়। সুধীরচন্দ্রের বহুমুখিতার আর-একটা দিক হলো 'মৌচাক' পত্রিকার প্রকাশ, যার সূত্রে তিনি হয়ে ওঠেন শিশু সাহিত্যের একজন প্রধান প্রেরণা। হেমেন্দ্রকুমার, বিভুতিভূষণ, প্রেমেন্দ্র মিত্র, অচিন্ত্যকুমার সেনগুপ্ত প্রমুখ অনেকেই সুধীরচন্দ্রের আমন্ত্রণে ও আকর্ষণে শিশু সাহিত্য রচনা শুরু করেন। মৌচাক-এর আড্ডা একসময় প্রবীণ ও নবীন সাহিত্যিকদের আড্ডায় খুব সরগরম হয়ে উঠতো। একদিন প্রেসিডেন্সি কলেজের সামনে অচিন্ত্যকুমারকে ট্যাক্সি থেকে নামতে দেখে এগিয়ে গেলাম। তিনি আমাকে টেনে নিয়ে গেলেন 'মৌচাক'-এ । সেখানে তখন ভবানী মুখোপাধ্যায় ছিলেন। খানিক পরে প্রবোধ সান্যাল এলেন। অচিন্ত্য ও প্রবোধ দুজনেরই জোরালো গলা।

সুধীরবাবু মৃদু কণ্ঠ । চা-টা এলো। তার কিছুদিন আগে দীপক চৌধুরীর 'পাতালে এক ঋতু' বেরিয়েছে। সবাই মিলে সুধীরবাবুকে চেপে ধরলেন। 'কে এই দীপক চৌধুরী?' আর সুধীরবাবু মিটিমিটি হাসতে লাগলেন। কারও কোনও প্রশ্নের উত্তর দিলেন না। অন্যদিন প্রেমেন্দ্র মিত্রের কাছে শুনেছি তাঁরা সুধীরবাবুকে নাম ধরে বা দাদা বলে উল্লেখ করতেন না, 'মৌচাক' বলে সম্বোধন করতেন। সেকালে সুধীরচন্দ্রের আড্ডা ছিল সত্য অর্থেই মৌচাক।

a) সুধীরচন্দ্র সরকার কোন্ পত্রিকার প্রকাশক ?

b) পরশুরাম ছদ্মনামে কে লিখতেন ?

c) 'মৌচাক'-এর আড্ডা কাদের উপস্থিতিতে সরগরম হয়ে উঠত ?

d) দুজন লেখকের নাম লেখ যাঁরা সুধীরচন্দ্রের আমন্ত্রণে ও আকর্ষণে শিশু সাহিত্য রচনা শুরু করেন ?

e) বিপরীত শব্দ লেখ ঃ উল্লেখ

## Section - B (Grammar)

3. নীচের ধ্বনিতত্ত্বের সূত্রগুলির যে কোনও একটির দু'টি উদাহরণ সহ সংজ্ঞা লেখ ।(3+2)×1 = 5

a) স্বরভক্তি

b) অভিশ্রুতি

c) স্বরসংগতি

4. যে কোন একটি অলংকারের উদাহরণসহ সংজ্ঞা লেখ ঃ (3+2)×1 = 5

a) যমক

b) উপমা

c) শ্লেষ

**অথবা**

অলংকার নির্ণয় করো এবং অলংকারটির সংজ্ঞা লেখ। (যে কোন একটি)

a) কোথা হা হন্ত, চির বসন্ত ! আমি বসন্তে মরি।

b) গালি দিয়া সবে গদ্যে পদ্যে বিদ্যা করিল জাহির।

c) বুদ্ধের করুণ আঁখি দুটি, সন্ধ্যাতারা সম রহে ফুটি।

5. যে কোন চারটি বাগধারা / প্রবাদের অর্থ লেখ ও একটি করে বাক্য রচনা কর ঃ 2×4 = 8

যতক্ষণ শ্বাস ততক্ষণ আশ, উড়ে এসে জুড়ে বসা, মাথার ঘাম পায়ে ফেলা, চক্ষুশূল, কূপমণ্ডুক, অল্পবিদ্যা ভয়ংকরী, নখদর্পণে, ডানহাত।

## Section - C
## (Composition and Writing)

6. নীচে সংবাদপত্রের একটি প্রতিবেদন তুলে দেওয়া হ'ল। এটি পড়ে প্রদত্ত প্রশ্নগুলির উত্তর দাও ঃ 2+2+2=6

উচ্চমাধ্যমিক পরীক্ষায় ৬৫.৪ শতাংশ নম্বর। কিছুই না। বিশেষ করে, হাল আমলে ৮০-৮৫ শতাংশ নম্বর পাওয়াটা যেখানে জলভাত, সেখানে এই নম্বরের হয়তো বিশেষ কোনও গুরুত্বই নেই। কিন্তু যে ছাত্র সংসার বাঁচাতে লোকের বাড়িতে রঙের কাজ করেও এই নম্বর পান, তখন সেই সাফল্য অবশ্যই বিশেষ গুরুত্বের দাবি রাখে। মধ্যমগ্রামের সেই ছাত্র শচীন্দর আইচ এবারের উচ্চমাধ্যমিকে পেয়েছেন ৬৫.৪ শতাংশ নম্বর। আপাতত শিক্ষাতত্ত্বে অনার্স পড়ার জন্য বিভিন্ন কলেজে আবেদন করছেন শচীন্দর। শিক্ষক হতে চান। কিন্তু বাড়ির আর্থিক অবস্থা এতটাই খারাপ যে, কলেজে পড়তে গিয়ে রঙের কাজ বন্ধ করে দেওয়া তাঁর পক্ষে সম্ভব নয়।

শচীন্দরের বাবা পঙ্কজও রং মিস্ত্রি। বাড়িতে রয়েছেন অসুস্থ মা আর ছোট ভাই। বাবার একার রোজগারে সংসার চলে না। তাই, নবম শ্রেণিতে পড়ার সময় থেকেই বাবার সঙ্গে রঙের কাজে নেমে পড়েন শচীন্দর। তার মধ্যেই সমানভাবে পড়াশোনাও চালিয়ে গিয়েছেন। শচীন্দর জানালেন, অনেক সময় রঙের কাজ করতে গিয়ে ক্লাস কামাই হয়ে গিয়েছে তাঁর । সবসময় যে কাজ পাওয়া যায় তাও নয়। বর্ষাকালে বলতে গেলে কাজ প্রায় থাকেই না।

প্রতিটি শিক্ষক তাঁকে সাহায্য করতেন। শচীন্দর বললেন, ‘‘আমি ওদের সাহায্যের কথা কখনও ভুলব না।’’

a) উপরের প্রতিবেদনটির একটি উপযুক্ত শিরোনাম দাও।

b) দু'টি বাক্যে মূল বিষয়টির উপর আলোকপাত কর।

c) বাবার সঙ্গে শচীন্দর কি কাজ করত এবং কেন ?

7. ছুটিতে বেড়াতে যাওয়ার সঙ্গী হতে জানিয়ে বন্ধুকে চিঠি লেখ। 3+3 = 6

**অথবা**

মনে কর তুমি 'হোস্টেলে' থাক। সাত দিন ইন্টারনেট কাজ করেনি। সেই সময় তোমার মনের অবস্থা জানিয়ে মা/বাবাকে একটি চিঠি লেখ।

## Section - D
## (Literature)

8. 'ভূরিভোজনটা অন্যায়' কিন্তু না খেয়ে মরাটা উচিত নয়, ভাই'।

a) উদ্ধৃত অংশটি কার লেখা, কোন্ গল্পের অংশ ?

b) কে কাকে এই উক্তিটি করেছেন ?

c) বক্তা কোন প্রসঙ্গে এই উক্তি করেছেন ? 1+1+3 = 5

**অথবা**

'ডাক্তাররা বলে দিয়েছে বলেই তো আজ এই যজ্ঞি - হোম হচ্ছে।'

a) উদ্ধৃত অংশটি কার লেখা, কোন্ গল্পের অংশ ?

b) ডাক্তাররা কার সম্পর্কে কি বলেছেন ?

c) 'যজ্ঞি-হোম' এর জন্য কিভাবে আয়োজন করা হয়েছিল ? এই যজ্ঞি-হোমের কারণ কি ?

9. সঠিক উত্তরটি নির্বাচন করো। (MCQ) যে কোন পাঁচটি ঃ 1×5 = 5

a) বড়ো - বউ শ্বশুরকে কি দিয়ে সরবত করে দিত ?

A) বেলের সরবত

B) আমের সরবত

C) দই পেতে ইসবগুল দিয়ে সরবত।

b) ডাক্তারকে কল দেওয়া কথা কে বলেছিল ?

A) নার্স

B) বড়ো পিসিমা

C) বড়ো বৌ



Contd.

c) থুত্থুরে ভিখিরি বুড়ির গায়ে কি জড়ানো ছিল ?

A) তুলোর কম্বল

B) পশমের কম্বল

C) চিটচিটে তুলোর কম্বল

d) 'কারো মুখে নালিশ নেই - প্রতিবাদ নেই' - কাদের সম্পর্কে একথা বলা হয়েছে ?

A) নিখিলের পরিবার সম্পর্কে

B) লঙ্গরখানার অন্নপ্রার্থীদের সম্পর্কে

C) অফিসের কর্মচারীদের সম্পর্কে

e) কাদের জন্য টুনুর মার ভাবনা হয় না ?

A) ছেলে মেয়ের জন্য

B) নিরন্ন মানুষদের জন্য

C) স্বামী মৃত্যুঞ্জয়ের জন্য

f) 'বুড়ি লাইলাহা ইল্লাল্লা বলেছে' - এই দাবী কে করেছিল ?

A) ফজলু শেখ

B) মুসলমান পাড়ার লোকেরা

C) করিম ফরাজি

g) ভজন চাকর কি আনতে গেছে ?

A) কালো বেড়ালের লোম

B) কালো কুকুরের লোম

C) কালো বেড়াল

h) 'ভারতবর্ষ' গল্পে বটতলা থেকে থানা কত দূরে ?

A) ৫ ক্রোশ দূরে

B) ৬ ক্রোশ দূরে

C) ৭ ক্রোশ দূরে

10. সপ্রসংগ ব্যাখ্যা কর ঃ 5

"চোখ তো সবুজ চায়!

দেহ চায় সবুজ বাগান" -

**অথবা**

"সত্য যে কঠিন

কঠিনেরে ভালো বাসিলাম।"

11. "আমি তা পারি না। যা পারি কেবল

সে-ই কবিতায় জাগে----।"

a) কার লেখা, কোন্ কবিতার উদ্ধৃতি ?

b) কবি কী না পারার কথা বলেছেন ?

c) কবির একথা বলার কারণ কি ? 1+1+3 = 5

**অথবা**

"বহুদিন জঙ্গলে কাটে নি দিন" -

a) কার লেখা, কোন্ কবিতার অন্তর্গত ?

b) কবি কিসের অভাববোধ করেছেন ?

c) কি উপায়ে কবি এই অভাব পূরণ করতে চেয়েছেন ?

12. "দেখছ, রজনী চাটুজ্জে ইজ রজনী চাটুজ্জে - মরা হাতি সোয়া লাখ"

a) বক্তা কোন প্রসঙ্গে বলেছেন ?

b) বক্তব্যটির তাৎপর্য লেখ। 2+3 = 5

**অথবা**

"জীবনের ভোর নেই, সকাল নেই, দুপুর নেই, - সন্ধ্যেও ফুরিয়েছে - এখন শুধু মধ্য রাত্তিরের অপেক্ষা"

a) কে কোন প্রসঙ্গে বলেছেন ?

b) এই মন্তব্যের মধ্যে দিয়ে যে মনোভাবের প্রকাশ ঘটেছে তা আলোচনা কর।

13. সঠিক উত্তরটি নির্বাচন কর। (MCQ) যে কোন পাঁচটি ঃ 1×5 = 5

a) সেই রাত্রে রজনীকান্ত কোন চরিত্রে অভিনয় করেছেন ?

A) যশোবন্ত সিংহ

B) ঔরঙ্গজেব

C) দিলদার

b) আলমগীর কাকে বলা হয়েছে ?

A) সাজাহান

B) ঔরঙ্গজেব

C) আকবর

c) কার শোয়ার জায়গা নেই তাই কোথায় ঘুমায় ?

A) রামব্রীজের, খাটে

B) কালিদাসের, গ্রিণরুমে

C) কালীনাথের গ্রিণরুমে।

d) মেয়েটি রজনীকান্তকে কি ছাড়তে বলেছিল ?

A) থিয়েটার

B) পুলিশের চাকরি

C) প্রম্পটারের কাজ

e) রজনীকান্ত কাদের বিশ্বাস করেন না ?

A) থিয়েটারের টিকিট কেনা খদ্দেরদের

B) ক্রেতা

C) অভিনেতাদের

f) নানা রঙের দিন নাটকের শেষে কোন নাটকের সংলাপ আবৃত্তি করেছেন রজনীকান্ত ?

A) ম্যাকবেথ

B) ওথেলো

C) কিং লিয়র

g) ''এই তো জীবনের সত্য কালীনাথ'' - জীবনের সত্য কী ?

A) ইচ্ছা থাকলে বয়সে এসে যায় না।

B) আগ্রহ থাকলে বয়সে এসে যায় না।

C) প্রতিভা থাকলে বয়সে এসে যায় না।

14. ''চিনের প্রাচীর যখন শেষ হলো সেই সন্ধ্যায় কোথায় গেল রাজমিস্ত্রিরা ?''

a) কার লেখা কোন্ কবিতার অন্তর্গত ?

b) কবি এই মন্তব্যের মধ্যে দিয়ে কোন্ সত্যকে প্রতিষ্ঠা করতে চেয়েছেন তা আলোচনা কর।

2+3 = 5

**অথবা**

''গল্‌দের নিপাত করেছিল সীজার। নিদেন একটা রাঁধুনি তো ছিল ?''

a) কার লেখা কোন্ কবিতার অন্তর্গত ?

b) অংশটির তাৎপর্য লেখ।

15. "এত ফসল, এত প্রাচুর্য - তবু কিন্তু মানুষগুলোর দিকে তাকালে মনে হয় জীবনে তাদের শান্তি নেই।" 1+4 = 5

a) 'মানুষগুলো' বলতে কাদের বোঝানো হয়েছে ?

b) লেখক মানুষগুলো সম্পর্কে এই কথা বলেছেন কেন ?

**অথবা**

"…. তাদের বড়ো ঘর, বনেদি বংশ - তারা সুয়োরাণির ছেলে।"

a) কাদের সুয়োরাণির ছেলে বলা হয়েছে ?

b) লেখকের এই মন্তব্যের কারণ কি ?

16. সঠিক উত্তরটি নির্বাচন কর (MCQ) যে কোন পাঁচটি ঃ 1×5 = 5

a) চেংমানের চোখ কপালে উঠেছিল কখন ?

A) ছাতির বদলে তার জমি নিয়ে নেওয়া হয়েছিল ।

B) চক্রবৃদ্ধিহারে ছাতির দাম ধার্য হয়েছিল হাজার খানেক টাকা।

C) ছাতিটা যে হারিয়ে ফেলেছিল।

b) কথাবার্তায়, পোষাক-পরিচ্ছদে হাজংদের সঙ্গে কাদের মিল রয়েছে ?

A) ডালুদের

B) সাঁওতালদের

C) গারোদের

c) ডাক্তারবাবুর সেজো ভাই কি কাজ করেন ?

A) শিক্ষকতা করেন

B) রেলের ক্যানভাসার

C) অফিসে কাজ করেন

d) সাইকোসটাইলে ছাপা বেআইনি বুলেটিন কোথায় বিলি হচ্ছিল ?

A) বউ বাজারের মোড়ে

B) তেলেভাজার দোকানের পাশে

C) চিনে পাড়ার গলিতে

e) হিমালয়ের কোল ঘেঁষে স্টেশনের নাম বাঘডোগরা কেন ?

A) বাঘ শিকার করা হত তাই

B) বাঘের সংরক্ষণ হত তাই

C) বাঘের উপদ্রব ছিল তাই



Contd.

f) বন্যার জেল খানার উচ্চতা কত ?

A) তিনতলা সমান

B) চারতলা সমান

C) পাঁচতলা সমান

g) শীতকালে কোন নদী দেখতে ভারি শান্ত-শিষ্ট ?

A) তিস্তা নদী

B) ঝিলাম নদী

C) সোমেশ্বরী নদী

h) কত বছর আগে হাতি বেগার আইন ছিল ?

A) ৫০-৬০ বছর আগে

B) ৬০-৭০ বছর আগে

C) ৪০ - ৫০ বছর আগে